গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২২-২৮২

তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৯
০৫ জুন ২০২২

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৮ জুন ২০২২ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর অফিস কক্ষে সমাজকল্যাণ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোছাঃ জান্নাতী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। উপজেলা সমাজসেবা অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। করোনাকালীন বেকার যুবক-যুবতীদের মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
৪। বিবিধ।

০৫/০৬/২০২২

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ও সদস্য সচিব
সমাজকল্যাণ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.......................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

পরিশিষ্ট"ক": উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও উপস্থিতি স্বাক্ষর

| ক্রম | নাম | পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছাঃ জান্নাতি বেগম | ভাইস চেয়ারম্যান(মহিলা)<br>উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম<br>ও সভাপতি<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি। | |
| ০২ | মোঃ শরিফুল আলম সোহেল | চেয়ারম্যান, ০২ নং শিমুলবাড়ি ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৩ | মোঃ আতাউর রহমান মিন্টু | চেয়ারম্যান, ০৪ নং বড়ভিটা ইউনিয়ন পরিষদ<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |
| ০৪ | মোঃ রায়হানুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার<br>ও সদস্য সচিব<br>উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি<br>ফুলবাড়ি, কুড়িগ্রাম। | |

উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ জান্নাতি বেগম
ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
স্থান ঃ ভাইস চেয়ারম্যান(মহিলা) এর কার্যালয়, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
তারিখ ঃ ০৮/০৬/২০২২ ইং রোজ বুধবার
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।
সভা নং : ০৬।

**আলোচ্য বিষয়**

১. গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২. পল্লী সমাজসেবা কার্যক্রমের অগ্রগতী সম্পর্কে আলোচনা।
৩. ২০২১-২২ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ জিটুপি সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতী সম্পর্কে আলোচনা।
৪. উপজেলা পরিষদের এডিপি বাজেটের অর্থায়নে সমাজসেবা কার্যালয়ের সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার নির্মাণ সম্পর্কে আলোচনা ।
৫. বিবিধ।

**সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী, উপস্থিতি স্বাক্ষর পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

সভায় সভাপতি জনাব মোছাঃ জান্নাতি বেগম, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সভার বিষয়বস্তু উপস্থাপন করার আহবান জানান।

**আলোচ্য বিষয়ের আলোকে গৃহিত সিদ্ধান্তসমূহ**

**১। গত সভারকার্যবিবরণীপাঠ ও অনুমোদনঃ**

অদ্যকার সভায় ০১নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় সেটি সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়।

**২। পল্লী সমাজসেবা কার্যক্রমের অগ্রগতী সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ**

০২ নং আলোচ্য বিষয়ে সদস্য সচিব ও সভায় উপস্থাপন করেন যে, পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যকমের হালনাগাদকরণ চলমান রয়েছে। উক্ত কাজটি যথাযথভাবে সম্পাদনের জন্য জেলা সমাজসেবা কার্যালয় থেকে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী প্রতিটি ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত কর্মীগণ ফিল্ড সুপারভাইজারের তত্তাবধানে নিয়মিত মাঠ ভিজিটসহ ছকভিত্তিক তথ্যাদি প্রস্তুত করছেন। গত সভায়ও বিষয়টি আলোচনা হয়েছে মর্মে সদস্যগণ উল্লেখ করেন।

সিদ্ধান্তঃ সভায় আলোচনান্তে কার্যাদি দ্রুত ও যথাযথভাবে সম্পাদনের জন্য অনুরোধ জানানো হয়।

**৩। ২০২১-২২ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ জিটুপি সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতী সম্পর্কে আলোচনা।**

এ বিষয়ে সদস্য সচিব জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে বয়স্ক ভাতার অতিরিক্ত বরাদ্দের বিপরীতে প্রাপ্ত আবেদনের তালিকাসমূহ ইউনিয়ন পরিষদে পাঠানোর পর অদ্যাবধি বিভিন্ন ইউনিয়ন থেকে ফেরত আসে নি বিধায় যথাসময়ে অতিরিক্ত বরাদ্দের ভাতার কাজ সম্পন্ন করা দুরুহ হতে পারে।

সিদ্ধান্তঃ সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে দ্রুত তালিকা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়।

**৪। উপজেলা পরিষদের এডিপি বাজেটের অর্থায়নে সমাজসেবা কার্যালয়ের সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার নির্মাণ সম্পর্কে আলোচনা।**

০৫ নং আলোচ্য বিষয় সদস্য সচিব জানান যে, গত সভায় এ বিষয়ে আলোচনা করা হয় যে, সেবাগ্রহীতাদের জন্য অপেক্ষাগার না থাকায় সেবাপ্রত্যাশীগণকে বিক্ষিপ্তভাবে ঘুরাঘুরি করতে হয় এবং যত্রতত্র অবস্থান করতে হয় যা কিনা তাদের জন্য অত্যন্ত কষ্টকর এবং পীড়াদায়ক। তাই কার্যালয়ের সামনে জরুরী ভিত্তিতে একটি অপেক্ষাগার নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্তঃ সভায় আলোচনা শেষে জরুরি ভিত্তিতে কার্যালয়ের সামনের জায়গায় একটি অপেক্ষাগার নির্মাণের জন্য প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

(মোছাঃ জান্নাতি বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, ফুলবাড়ি, কুড়িগ্রাম
ও
সভাপতি
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি।

স্মারক নং- ৪১.০১.৪৯১৮.০০০.০৬.০০১.২২. তারিখঃ ০৮/০৬/২০২২ খ্রি.

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২. উপজেলা নির্বাহি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান.......................................... .... ।
৪. জনাব, ............... .... ........................।
৫. অফিস কপি।

(মোঃ রায়হানুল ইসলাম)
উপজেলা সমাজসেবা অফিসার ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।